



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রস্তুত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।



www.archaeology.gov.bd
director_general@archaeology.gov.bd

স্মারক: ৪৩.২৩.০০০০.১২৩.১১.০০১.১৯(অংশ)-৫৫০

ঢাকা, তারিখ :

১৫ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ৩১-০৫-২০২২ তারিখের স্মারক নং- ৮০.০০.০০০০.১০৭.১১.০২২.২০(অংশ-২).৩৫৭ সংখ্যক স্মারকের সুপারিশ, সুরক্ষা সেবা বিভাগের প্রাককালীন বৃত্তান্ত যাচাইয়ের প্রতিবেদন এবং স্বাস্থ্য প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে The Officers and Employees (Department of Archaeology and Museum) Recruitment Rules, 1985 শোতাবেক প্রস্তুত্ব অধিদপ্তরের “গবেষণা সহকারী/সহকারী কাস্টোডিয়ান” (১১তম গ্রেড) এর ০১টি শূণ্য পদে নিয়োগের নিমিত্ত নিম্নবর্ণিত প্রার্থীকে জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী ১২,৫০০-৩০,২০০/- টাকা স্কেলে প্রদেয় মূলবেতন ও প্রযোজ্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে (Provisionally) নিয়োগ প্রদান করা হলো।


ক্রমিক নং	পদের নাম	প্রার্থীর নাম, তিকানা ও রেজি: নম্বর
০১।	গবেষণা সহকারী/ সহকারী কাস্টোডিয়ান	জনাব মোঃ শিহাব হোসেন, রেজি: নম্বর-০১৭৭৬৬, পিতা: মোঃ মহিদুল ইসলাম, গ্রাম: কাশিমালা, পোস্ট: দুপচাঁচিয়া, উপজেলা: কাহালু, জেলা: বগুড়া।

নিয়োগের শর্তাবলি:

- যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;
- নিয়োগপ্রাপ্ত প্রার্থী যোগদানের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ এ শিক্ষানবিশকাল অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নেই তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান ঘটাতে পারবেন;
- সরকারি আদেশবলে সময় সময়, যে পরীক্ষা বা প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সে পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে বা প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অস্বীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এতদুপেক্ষে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;
- চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য প্রার্থী কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না; এবং
- সরকারি কাজের স্বার্থে কর্তৃপক্ষ তাঁকে অধিদপ্তরের যে কোন কার্যালয়ে পদায়ন করতে পারবেন।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৬-০৪-২০২৩ তারিখের মধ্যে মহাপরিচালক, প্রস্তুত্ব অধিদপ্তর, এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭ বরাবরে যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(চন্দন কুমার দাস) ২৫.০১.২০২৩
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০২৪১০২৪৬৫০

স্মারক: ৪৩.২৩.০০০০.১২৩.১১.০০১.১৯(অংশ)-৫৫০

ঢাকা, তারিখ :

১৫ চৈত্র, ১৪২৯ বঙ্গাব্দ
২৯ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। উপসচিব (শাখা-৬), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।